

শিক্ষা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়: 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা কাল, আসনপ্রতি পরীক্ষার্থী ৫১

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২১ ফেব্রুয়ারি ২০২৫, ২৩: ০৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের 'এ' ইউনিটের (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে।

এবার 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮৬০ আসনের বিপরীতে মোট ৪৪ হাজার ২২৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রতি আসনের বিপরীতে লড়বেন ৫১ জন ভর্তি-ইচ্ছুক পরীক্ষার্থী।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তিনটি আলাদা পালায় এই ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে; প্রথম পালায় পরীক্ষা সকাল ১০টা থেকে বেলা ১১টা, দ্বিতীয় পালায় পরীক্ষা বেলা ১টা থেকে ২টা এবং তৃতীয় পালার পরীক্ষা বিকেল ৪টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

‘এ’ ইউনিটের (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের) অন্তর্ভুক্ত বিষয়গুলোর মধ্যে রয়েছে রসায়ন, গণিত, পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, উদ্ভিদবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, মনোবিজ্ঞান, প্রাণিবিদ্যা, অণুজীব বিজ্ঞান, ফার্মেসি, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক শেখ মো. গিয়াস উদ্দিন প্রথম আলোকে বলেন, আগামীকাল তিন শিফটের পরীক্ষা, পরীক্ষার্থীও বেশি। যানজট নিরসনে আইনশৃঙ্খলা বাহিনী থাকবে। বাড়তি চাপ সামাল দিতে লালবাগ জোনের পুলিশকে জানানো হয়েছে। ভর্তি পরীক্ষা নেওয়ার সব প্রস্তুতি শেষ হয়েছে।

বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক পরিমল বালা প্রথম আলোকে বলেন, প্রতিটি শিফটে আলাদা প্রশ্ন হবে। এবার দ্রুততম সময়ের মধ্যে ফলাফল দেওয়ার চেষ্টা রয়েছে।

গত ৩১ জানুয়ারি ‘ই’ ইউনিটের (চারুকলা অনুষদ) পরীক্ষার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়টির এবারের ভর্তি পরীক্ষা শুরু হয় এবং ২৮ ফেব্রুয়ারি ‘সি’ ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ) পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শেষ হবে।

